Date of Publication : 1st July, 2012 **Price : Rs. 2**

VOL-2, Issue 4 *Postal Registration No. : KOL RMS/42/2010-2012*
*For circulation to Subscribers only* RNI No.-WBBIL/2011/38613

# ব্রাহ্ম সম্মিলন বার্তা

## ব্রাহ্ম সম্মিলন সমাজ

১-এ, ডাঃ রাজেন্দ্র রোড, কলকাতা-৭০০ ০২০

**Brahmo Sammilan Barta ❑ Brahmo Sammilan Samaj**

দ্বিতীয় বর্ষ ঃ চতুর্থ সংখ্যা জুলাই ২০১২ আষাঢ়-শ্রাবণ ১৪১৯

—ঃ সূচীপত্র ঃ—

এ মাসের নিবেদন ঃ — ১
স্মরণিকা — ২
সাপ্তাহিক উপাসনা ও স্মরণ — ২
২০১২ আগষ্ট মাসের সাপ্তাহিক উপাসনার আংশিক কার্যসূচী — ৩
শোক সংবাদ — ৩
পারিবারিক ও অন্যান্য অনুষ্ঠান — ৩
কৃতজ্ঞতা স্বীকার — ৪
Notice — ৪
Notice — ৬

**সমাজ কার্যালয়ে যোগাযোগের সময় ঃ**
প্রতিদিন সন্ধ্যা ৬-৩০টা থেকে ৮-৩০টা
Telephone No. (033)6450-0915
email :sammilanbarta@gmail.com

## এ মাসের নিবেদন

মহাভারতে একটি শ্লোকের উল্লেখ আছে তা হল এই —

"সুখং বা যদি বা দুঃখং প্রিয়ং বা যদি বাপ্রিয়ম্।
প্রাপ্তং প্রাপ্তমুপাসীত হৃদয়েনাপরাজিতা।।

এর অর্থ হল "সুখই হউক বা দুঃখই হউক প্রিয়ই হউক বা অপ্রিয়ই হউক যাহা ঘটিবে অপরাজিত চিত্তে তাহা গ্রহণ করিবে।" আমাদের হৃদয় কিন্তু এইভাবে প্রস্তুত নয়। জাগতিক ব্যাপার এই জীবনের সাঙ্গে ওতোপ্রোতো ভাবে যুক্ত, তাই মনকে আমরা কখনই ধীর স্থির করে সংযত করতে পারি না। আমাদের উচ্ছ্বাস প্রকাশ করে ফেলি, সেই মুহূর্তেই আমরা হেরে যাই। এই শ্লোক জীবনে গ্রহণ করতে গেলে অন্তর্যামীর উদ্দেশ্যে যেন বারবার বলতে পারি "সুখ দুঃখ তাঁরই দান, আমরা তাঁর সন্তান, তিনি পরম জননী, পরমপিতা রূপে যাই দেবেন তাই আমাদের মঙ্গলের জন্য। এই সত্যটি আমরা যাতে না ভুলে যাই তার জন্য তিনি যেন আমাদের বাঁধেন তাঁর সঙ্গে নিবিড় করে। আনন্দের সময় তাঁকে ধন্য ধন্য বলে কৃতজ্ঞ চিত্তে বলব "এই আনন্দ সবার মাঝে ভাগ করে দাও। তুমিই শিখিয়েছ আনন্দ ভাগ করলে আনন্দ দ্বিগুণ হয়। তাই সেই আনন্দ তুমিই দ্বিগুণ করে দেবে।"

যদি কখনও কঠিন সময় আসে তাহলে ভক্তের গানে বলব —

"পরীক্ষার অনল জ্বেলে
তুমি আপনি তাহে দাও মা ফেলে
আবার আপনি দাও তার উপায় বলে
যেরূপে বাঁচে যেমন
কার মা এমন দয়াময়ী আমাদের মা তুমি যেমন।"

মন প্রাণ এইভাবে নিবেদন করলে দেখব 'কঠিন' যেন আমাদের 'সহজ' হয়ে আসে, মন শুনতে পায় তাঁর অভয় বাণী। বিপদের মাঝেও আমরা যেন

বৈচিত্রকে অনুভব করি। তাঁর মঙ্গল ইচ্ছা জানতে পারি। তিনি মঙ্গলময়রূপে আত্মপ্রকাশ করেন। ধীরে ধীরে তাঁর ইঙ্গিত বুঝতে পারি যে তিনি তাঁর মঙ্গল পথ প্রস্তুত করে রেখেছেন। সেই পথ বন্ধুর হলেও অগম্য নয়। আমরা অনুভব করি আমাদের যেন কঠিন হাতে ধরে নিয়ে চলেছেন সেই বন্ধুর পথে। এও যেন বিচিত্র অভিজ্ঞতা। ধৈর্য, সাহস মনোবল ও তাঁর ওপর নির্ভরতায় তাঁর সঙ্গে যেন চলেছি নির্ভয়ে। মহাভারতের শ্লোক আমাদের জীবনে তিনি যেন সত্য রূপে প্রকাশ করতে চাইছেন। সুখ হউক বা দুঃখই হউক তাঁর জয়গান করতে শিখছি, জীবনে এই ব্রত গ্রহণ করছি আমরা তাঁর সন্তান হয়ে। ভাবে উচ্ছ্বাসে দিশাহারা হব না। কখনই হারব না। অপরাজিত চিত্তে জীবনের পথে অগ্রসর হবই। আমাদের প্রার্থনাকে ব্যাকুল করবই। বলব "তুমি আমাদের প্রার্থনাকে জীবনের অঙ্গ কর। এই প্রার্থনাকে সঙ্গী করে এগোব। প্রার্থনা বন্ধ হলে আমাদের কাতর কর।" আবার যেন তোমার কাছে আমাদের আকুল প্রার্থনায় এই সত্যটি উপলব্ধি করবই যে আমাদের জীবন বদলে দিচ্ছ, সব ভয়কে জয় করে। তোমার অসীম আনন্দে তোমার অমৃতের রস অন্তরে গ্রহণ করছি প্রত্যেক মুহূর্তে তোমার সান্নিধ্য লাভে তোমার ভালবাসার আনন্দের ছোঁয়াকে অন্তরে গ্রহণ করে বলব "বহে নিরন্তর অনন্ত আনন্দ ধারা"।

— শ্রীসঞ্জীব মুখার্জি

---

## —ঃ স্মরণিকা ঃ—

### মরণ সাগর পারে তোমরা অমর তোমাদের স্মরি

| | | |
|---|---|---|
| ১লা জুলাই (১৮৮২ ও ১৯৬২) | — | ডাঃ বিধানচন্দ্র রায়ের ১৩০ তম জন্মদিবস ও ৫০ তম তিরোধান দিবস। |
| ২রা জুলাই (১৮৯৩) | — | প্রশান্তচন্দ্র মহলানবীশের ১১৯ তম জন্মদিবস। |
| ৪ঠা জুলাই (১৯০২) | — | স্বামী বিবেকানন্দের ১১০ তম তিরোধান দিবস। |
| ২৬শে জুলাই (১৮৬৫) | — | কান্তকবি রজনীকান্ত সেনের ১১৭ তম জন্মদিবস। |
| ২৯শে জুলাই (১৮৯১) | — | ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ১২১ তম তিরোধান দিবস। |

---

## —ঃ ২০১২ জুলাই মাসের সাপ্তাহিক উপাসনা ও স্মরণ ঃ—

| | | | | |
|---|---|---|---|---|
| রবিবার ১লা জুলাই, ২০১২ | — | আচার্য | - | শ্রীমতী সুনন্দা চ্যাটার্জী |
| সন্ধ্যা ৬-৩০ টা | | সঙ্গীত | - | শ্রীমতী সুস্মিতা বসু |
| রবিবার ৮ই জুলাই, ২০১২ | — | আচার্য | - | ডঃ অমিতাভ খাস্তগীর |
| সন্ধ্যা ৬-৩০ টা | | সঙ্গীত | - | ব্রাহ্ম যুব ও ভক্তজন ও সমবেত ভক্তমণ্ডলী |
| রবিবার ১৫ই জুলাই, ২০১২ | — | আচার্য | - | ডঃ সুনন্দা রায়চৌধুরী (রাখী) |
| সন্ধ্যা ৬-৩০ টা | | সঙ্গীত | - | শ্রীমতী কমলিকা বন্দ্যোপাধ্যায় ও শ্রীঅরীন্দ্রজিৎ সাহা |
| রবিবার ২২শে জুলাই, ২০১২ | — | আচার্য | - | শ্রীমতী সুতপা রায়চৌধুরী |
| সন্ধ্যা ৬-৩০ টা | | স্মরণ | - | কান্তকবি রজনীকান্ত সেন |
| | | সঙ্গীত | - | শ্রীমতী রেবেকা রক্ষিত ও শ্রীঅনিরুদ্ধ রক্ষিত |
| রবিবার ২৯শে জুলাই, ২০১২ | — | আচার্য | - | শ্রীসিদ্ধার্থ ব্রহ্মচারী |
| সন্ধ্যা ৬-৩০ টা | | সঙ্গীত | - | শ্রীমতী রুবী মজুমদার |

আপনাদের সাদর আমন্ত্রণ জানাই।

## —ঃ ২০১২ আগষ্ট মাসের সাপ্তাহিক উপাসনার আংশিক কার্যসূচী ঃ—

| | | | |
|---|---|---|---|
| রবিবার ৫ই আগষ্ট ২০১২ | — | আচার্য | - ডঃ অমিতাভ খাস্তগীর |
| সন্ধ্যা ৬-৩০ টা | | স্মরণ | - কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর (২২শে শ্রাবণ উপলক্ষে) |
| | | সঙ্গীত | - শ্রীমতী অনন্যা চ্যাটার্জী, শ্রীমতী অনুরাধা বসু, শ্রীদেবাশীষ বসু ও শ্রীসুমন মজুমদার |
| রবিবার ১২ই আগষ্ট ২০১২ | — | আচার্য | - শ্রীতপোব্রত ব্রহ্মচারী |
| সন্ধ্যা ৬-৩০ টা | | সঙ্গীত | - ব্রাহ্ম যুব ও ভক্তজন ও সমবেত ভক্তমণ্ডলী |

আপনাদের সাদর আমন্ত্রণ জানাই।

## —।। শোকসংবাদ ।।—

বিগত ১লা জুন শুক্রবার বিকেল ৪-৩০টায় প্রয়াত যোগীন্দ্রনাথ মজুমদার ও প্রয়াতা বসন্ত বালা মজুমদারের কন্যা প্রয়াত ধ্রুবেন্দ্রনাথ বোসের পত্নী এবং শ্রীসুনন্দ বোস ও শ্রীসুবীর বোসের মাতা **শ্রীমতী অপর্ণা বোস** ৮৫ বৎসর বয়সে কলকাতায় পরলোকগমন করেছেন।

বিগত ৮ই জুন শুক্রবার ভোর ৪টায় প্রয়াত এন. এন. চৌধুরী ও প্রয়াতা লীলাবতী চৌধুরীর পুত্র, শ্রীমতী সুপূর্ণা চৌধুরীর স্বামী এবং শ্রীমতী শ্রীনন্দা মুখার্জীর পিতা বিশিষ্ট রবীন্দ্রসঙ্গীতজ্ঞ **শ্রীসুভাষ চৌধুরী** ৭৮ বছর বয়সে কলকাতায় পরলোকগমন করেছেন।

## —ঃ পারিবারিক / অন্যান্য অনুষ্ঠান ঃ—

**শ্রাদ্ধানুষ্ঠান ঃ**

বিগত ৩রা জুন ২০১২ রবিবার সকাল ১০টায় প্রয়াত প্রসূন কুমার রায়ের আদ্যশ্রাদ্ধানুষ্ঠান সাধারণ ব্রাহ্ম সমাজ মন্দিরে অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে আচার্যের কাজ পালন করেন শ্রীসঞ্জীব মুখার্জি ও সঙ্গীতে অংশ গ্রহণ করেন সর্বশ্রী সুবীর পাল, সুপ্রতীক ঘটক, অনিরুদ্ধ রক্ষিত ও সর্বশ্রীমতী রেবেকা রক্ষিত, মাধবী তালুকদার, দেবযানী মজুমদার, অভিনন্দা তালুকদার ও প্রণতি দাস। শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন প্রয়াতের জ্যেষ্ঠ পুত্র শ্রীপ্রশান্ত রায়, কনিষ্ঠ ভ্রাতা শ্রীপ্রবীর রায়, কনিষ্ঠ পুত্রবধূ শ্রীমতী দেবযানী রায় ও শ্রীঅমিত কুমার দাসগুপ্ত।

বিগত ১০ই জুন ২০১২ রবিবার সকাল দশটায় ব্রাহ্ম সম্মিলন সমাজ মন্দিরে প্রয়াতা অপর্ণা বোসের আদ্যশ্রাদ্ধানুষ্ঠানে আচার্যের কাজ পালন করেন শ্রীসঞ্জীব মুখার্জি। সঙ্গীত পরিবেশন করেন শ্রীমতী অনন্যা চ্যাটার্জী, শ্রীমতী দোলন বন্দ্যোপাধ্যায় ও শ্রীউজ্জ্বল বন্দ্যোপাধ্যায়। পুত্রের প্রার্থনা ও শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন কনিষ্ঠ পুত্র শ্রী সুবীর বসু।

বিগত ১৬ই জুন শনিবার ২০১২ সন্ধ্যা ৭টায় প্রয়াত সুভাষ চৌধুরীর স্মরণে এক ব্রহ্মোপাসনার আয়োজন করা হয়। শ্রীসুপ্রিয় ঠাকুর আচার্যের দায়িত্ব পালন করেন । সঙ্গীত অংশগ্রহণ করেন সর্বশ্রী/শ্রীমতী জয়তী চক্রবর্তী, শ্রীনন্দা মল্লিক, দেবারতি সোম, শ্রীনন্দা মুখোপাধ্যায়, অগ্নিভ বন্দ্যোপাধ্যায়, স্নিগ্ধদেব সেনগুপ্ত, অভিরূপ গুহঠাকুরতা ও প্রসূন দাসগুপ্ত। সম্মেলক সঙ্গীত পরিবেশন করেন ইন্দিরা শিল্পীগোষ্ঠী। আবৃত্তি করেন শ্রীমতী প্রণতি ঠাকুর।

**সাপ্তাহিক উপাসনা ও স্মরণ ঃ**

বিগত মাসের জুন (২০১২) রবিবার সাপ্তাহিক উপাসনায় এই সমাজের অন্যতম প্রতিষ্ঠাতা দেশবন্ধু চিত্তরঞ্জন দাস এবং আচার্য প্রফুল্লচন্দ্র রায়ের তিরোধান দিবস ও সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মদিবস স্মরণে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। ডাঃ শুচিতা দেব (প্রথম রবিবার), শ্রীসিদ্ধার্থ ব্রহ্মচারী (দ্বিতীয় রবিবার), শ্রীসঞ্জীব মুখার্জি (তৃতীয় রবিবার) এবং শ্রীমতী সুতপা রায়চৌধুরী (চতুর্থ রবিবার) আচার্যের দায়িত্ব পালন করেন। সঙ্গীত পরিবেশন করেন প্রথম রবিবার

রুবী মজুমদার, দ্বিতীয় রবিবার সর্বশ্রী/শ্রীমতী মধুশ্রী বন্দ্যোপাধ্যায়, সুহিতা ভট্টাচার্য্য, বিজয়লক্ষ্মী দাস, মৌসুমী চট্টোপাধ্যায়, চন্দ্রা গুপ্ত, অনুরমা ভট্টাচার্য্য, উদিতা রায়, শ্যামলী সেনগুপ্ত, খুকু রায়, অনিন্দিতা দাশগুপ্ত, মনিদীপা ভট্টাচার্য্য, মৃদুলা বন্দ্যোপাধ্যায়, রীতা চক্রবর্তী, অঞ্জনা গুহ, লক্ষ্মী খাস্তগীর, সুস্মিতা নাথ, শ্রীচন্দ্রা বন্দ্যোপাধ্যায়, উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, মলয় দাস, অভীক ঘোষ, তৃতীয় রবিবার শ্রীমতী কমলিকা বন্দ্যোপাধ্যায় ও শ্রী অরীন্দ্রজিৎ সাহা চতুর্থ রবিবার শ্রীমতী রেবেকা রক্ষিত ও শ্রী অনিরুদ্ধ রক্ষিত।

**সঙ্গতসভা ঃ**

বিগত ১৭ই জুন ২০১২ রবিবার অপরাহ্ন ৫টায় ব্রাহ্ম সম্মিলন সমাজের সভাকক্ষে শ্রীসঞ্জীব মুখার্জির পরিচালনায় সঙ্গত সভা অনুষ্ঠিত হয়।

---

**—ঃ কৃতজ্ঞতা স্বীকার ঃ—**

**সাধারণ ফণ্ড ঃ** শ্রীসঞ্জীব মুখার্জি (প্রয়াতা অপর্ণা বোসের আদ্যশ্রাদ্ধ (১০/০৬/১২) উপলক্ষ্যে — ১০০০ টাকা (র/নং ২৭৭১); শ্রীগৌতম সরকার (প্রয়াতা মাতা মাধুরী সরকারের জন্মদিবস (০৫/০৬/১২) উপলক্ষ্যে — ১০০০ টাকা (র/নং ২৭৭২); শ্রীসঞ্জীব মুখার্জি (পেস্ট কন্ট্রোলের ব্যয় বাবদ) — ৩০০ টাকা (র/নং ২৭৭৩); শ্রীসুব্রত দাসগুপ্ত (পেস্ট কন্ট্রোলের ব্যয় বাবদ) — ৫০০ টাকা (র/নং ২৭৭৪)।

**ওয়েলফেয়ার ফণ্ড ঃ** শ্রীসঞ্জীব মুখার্জি ( শ্রীমতী জুলিয়া বিশ্বাস ও শ্রীসুব্রত ব্যানার্জীর শুভবিবাহ উপলক্ষে) — ১৫০ টাকা (র/নং ২৭৬৪); শ্রীসঞ্জীব মুখার্জি (প্রয়াতা অপর্ণা বোসের আদ্যশ্রাদ্ধ উপলক্ষে) — ১৫০ টাকা (র/নং ২৭৭০), শ্রীমতী শান্তা সেন (শ্রীমান আয়ুষ সেনের (শ্রী আদিত্য সেন ও শ্রীমতী সুকন্যা বোসের পুত্র) অন্নপ্রাশন উপলক্ষে) — ১৫০ টাকা (র/নং ২৭৭৭); শ্রীমতী শান্তা সেন (প্রয়াত সুভাষ চৌধুরীর আদ্যশ্রাদ্ধ (১৬/৬/১২) উপলক্ষে) — ১৫০ টাকা (র/নং ২৬৭৮)।

**মেমোরিয়াল বিল্ডিং রিপেয়ার ফণ্ড ঃ** শ্রীমতী ঝর্ণা দে (প্রয়াত স্বামী রঞ্জন অনিল দের দশম মৃত্যুবার্ষিকী উপলক্ষে) — ১০০০ টাকা (র/নং ২৭৬৫); শ্রীমতী সুনন্দা মজুমদার — ৩০০০ টাকা (র/নং ২৭৬৭)।

**দাতব্য হোমিও চিকিৎসালয় ফণ্ড ঃ** শ্রীমতী ঝর্ণা দে (প্রয়াত স্বামী রঞ্জন অনিল দের দশম মৃত্যুবার্ষিকী উপলক্ষে) — ১০০০ টাকা (র/নং ২৭৬৬); শ্রীমতী সুনন্দা মজুমদার — ২০০০ টাকা (র/নং ২৭৬৭); শ্রীমতী মমতা ব্যানার্জী — ২৫০ টাকা (র/নং ২২৯); শ্রীসুনন্দ বোস (প্রয়াতা অপর্ণা বোসের স্মৃতির উদ্দেশ্যে) — ৫০০০ টাকা (র/নং ২৩২)।

**নৈশ বিদ্যালয় ফণ্ড ঃ** শ্রীমতী মমতা ব্যানার্জী — ২৫০ টাকা (র/নং ২১৮)।

**ভ্রমসংশোধন ঃ**

বিগত জুন ২০১২ সম্মিলন বার্তায় কৃতজ্ঞতা স্বীকার বিভাগে মেমোরিয়াল বিল্ডিং রিপেয়ার ফণ্ডে প্রয়াত অশোক বীরের সহধর্মিনীর নাম শ্রীমতী জেবুন বীরের পরিবর্তে শ্রীমতী জীবন বীর মুদ্রিত হয়েছে। এই ভ্রমের জন্য আমরা দুঃখিত।

---

**BRAHMO SAMMILAN SAMAJ**

1-A, DR. RAJENDRA ROAD, KOLKATA-700 020

**NOTICE**

Dear Friends,

Rules 47 to 51 of the General Rules of the Samaj regarding Nominations of Permanent Minister, Office-Bearers and the Ordinary Members of the Governing Body are reproduced at the end of this letter.

In terms of the said General Rules, you are entitled to send your nominations on or before the

21st of July, 2012 for the election of Office-Bearers (viz President, two Vice-Presidents, Secretary, two Assistant Secretaries, and Treasurer), and eleven Ordinary Members of the Governing Body for the year 2012 - 13 at the next Annual General Meeting. Such Nomination Paper shall be signed by the member nominating and by another member seconding the nominations and shall also contain the nominees' consent given in writing. Such nominees may withdraw their candidature by writing to the Secretary on or before the 31st of July, 2012.

Kindly note that in case you are desirous of making nominations, your Nomination Paper should reach the undersigned on or before the 21st of July 2012.

Yours truly,
**P. Ganguly**
*Hon. Secretary*

1st July, 2012

**Rules 47 to 51 of the General Rules of the Samaj :**

**Rule 47 :**

For the election at the Annual Meeting of the Office - Bearers mentioned in Rule 45 and the Ordinary Members of the Governing Body mentioned in Rule 47, members of the Samaj are entitled to send their nominations to the Secretary. Secretary shall issue a notice on or before the 1st of July, appraising the members of Rules 47 to 50 regarding nominations of Office-Bearers and the Ordinary Members of the Governing Body.

**Rule 48 :**

A member desirous of making nominations under Rule 47 shall send his Nomination Paper to the Secretary so as to reach him on or before the 21st of July. Such Nomination Paper shall be signed by the member nominating and by another member seconding the nomination and shall also contain the nominee's consent given in writing. Such nominees may withdraw their candidature by writing to the Secretary on or before 31st of July.

**Rule 49 :**

The Governing Body shall, at one of its meetings, scrutinise all Nomination Papers received, reject such of the Nominations, if any, as may not satisfy Rule 15 (d), Rule 29 or any other relevant Rules and may also add other names to the list. The whole list of Nominations shall be circulated among members of the Samaj along with the notice calling the Annual Meeting.

**Rule 50 :**

At the Annual Meeting, no other names shall be proposed for the election of the Governing Body besides those included in the list circulated as above.

**Rule 51 :**

At the Annual Meeting, at the end of the elections thus provided for, the names of all Members of the newly formed Governing Body shall be read out from the chair, and declared as duly appointed for the ensuing year.

## —: Annual Subscription :—

**For the kind attention of :**

Sri/Sm..............................................

You are well aware that all the activities of the Samaj depend generally on your subscription. Therefore, you are requested to send your due subscription/s immediately on priority basis to the Samaj by an "Account Payee" Cheque drawn in favour of "Brahmo Sammilan Samaj". Outstation members are humbly requested to include necessary Bank Charges therewith or send it by Bank Draft favouring the Samaj at Calcutta as aforesaid :

Your annual subscription dues are given below :

| | | | | |
|---|---|---|---|---|
| 1. Due/s for previous year/s | : | upto 31st March 2012 | : | Rs. |
| 2. Due for the current year | : | upto 31st March 2013 | : | Rs. |
| | | Total dues | : | Rs. |

Please ignore this notice if you have already paid up your annual subscription or in MOSF. You may opt for one time payment under 'Member's Own Subscription Fund' (MOSF) of Rs. 1000 plus your current year's subscription / ourstanding dues as aforesaid and do away with annual payments. The MOSF amount will be invested suitably to earn your annual subscriptions.

NOTE : As per Rule 18 of the Samaj, if the arrears remain unpaid for at least three years the Governing Body may, if they think fit, remove the defaulting member from the list of members. But even if borne on the list, he/she shall not be entitled to powers and privileges until he/she has paid up his/her arrears.

Please act now to help the Samaj.

**Prasun Ganguly**
*Hon. Secretary*

## NOTICE

As per unanimous decision in the Annual General Meeting held on 12.09.2010, the Annual Subscription has been revised to Rs. 100/- w.e.f. 01.04.2011 from previous subscription of Rs. 50/-. The Member's Own Subscription Fund (MOSF) has been revised to Rs. 1000/- wef 01-04-2011.

**Brahmo Sammilan Barta will be available on Samaj Website.**

**Look out for Samaj site : www.thebrahmosamaj.org/samajes/sammilan.html**

লেখক-লেখিকার নিজস্ব মতামতের জন্য সমাজ ও সম্পাদক-মণ্ডলী কোনক্রমে দায়ী নহেন।

Printed and Published by Sri Prabir Ranjan Das Gupta on behalf of Brahmo Sammilan Samaj, Published from 1A, Dr Rajendra Road, Kolkata-700 020 and Printed at Bhowanipur Art Press, 80, Ashutosh Mukherjee Road, Kolkata-700 025. Editor : Dr. Madhusree Ghosh.